

প্রাক-প্রাথমিকে শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল প্রকাশ

উত্তীর্ণ ৯ হাজার ৭২৭

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিকের জন্য ২২ জেলায় সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। গতকাল সোমবার এ ফল প্রকাশের খবর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে জানানো হয়। এবারের পরীক্ষায় ১ লাখ ৪৪ হাজার ১১২ জন অংশ নেয়। এতে পাস করেছে ৯ হাজার ৭২৭ জন। লিখিত পরীক্ষার ফল www.dpe.gov.bd এই ঠিকানায় পাওয়া যাবে। মৌখিক পরীক্ষার স্থান, তারিখ পরবর্তী সময়ে প্রার্থীকে জানানো হবে বলে মন্ত্রণালয় জানিয়েছে।

জেলাগুলোর মধ্যে রয়েছে নড়াইল, মেহেরপুর, মুন্সীপুর, শরীয়তপুর, ফেনী, জয়পুরহাট, চুয়াডাঙ্গা, মাগুরা, বাগেরহাট, শেরপুর, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, লক্ষ্মীপুর, কক্সবাজার, পিরোজপুর, ঝালকাঠী, বরগুনা, ভোলা ও পঞ্চগড়। এ ২২ জেলায় দুটি পর্যায়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রথম পর্যায়ে পাঁচটি ও দ্বিতীয় পর্যায়ে ১৭টি জেলার পরীক্ষা অনুষ্ঠিত হয়।

উত্তীর্ণ প্রার্থীদের অনলাইনে আবেদনের আপলোডকৃত ছবি, আবেদনের কপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, নাগরিকত্ব সনদ এবং শিক্ষাগত যোগ্যতার সনদসহ প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সনদ, এতিম সংক্রান্ত সনদ, প্রতিবন্ধী সংক্রান্ত সনদ, পোষা সনদ, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সনদ, উপজাতি সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যায়িত করে আগামী ২২ অক্টোবরের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) নিজ নিজ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে জমা দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র সংগ্রহ করতে হবে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য রোল নম্বরের তালিকা ইতিমধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে পাঠানো হয়েছে। এসব প্রার্থীর জেলাওয়ারি রোল নম্বরের তালিকা সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসের নোটিশ পৃষ্ঠা ২ কলাম ও

প্রাক-প্রাথমিকে শিক্ষক

২০ পৃষ্ঠার পর
বোর্ডে প্রদর্শিত হবে। মৌখিক পরীক্ষা
দিতে আসার সময় জমা দেয়া সনদপত্র,
প্রাপ্তি স্বীকারপত্র ও অন্যান্য
কাগজপত্রের মূল কপি প্রার্থীকে সঙ্গে
আনার জন্য অনুরোধ জানানো হয়েছে।